



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd.

স্মারক নং- বিঅ-৬/৩৫৫৩/

তারিখ :

বিষয় : স্বীকৃতি নবায়ন।

সূত্র : উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর ০৯-০২-২০১৪ ইং তারিখের ৩০৯ নং স্মারক পত্র ও প্রধান শিক্ষকের ০৯-১০-২০১৪ তারিখের আবেদন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৪ হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্বীকৃতি নবায়ন করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে; অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরোপিত শর্ত সমূহ :

- ১। অতিরিক্ত শ্রেণি শাখার প্রাপ্যতা রয়েছে অথচ অনুমোদন নেই এরূপ ক্ষেত্রে অনুমতি/অনুমোদন গ্রহণ করতে হবে।
- ২। পাবলিক পরীক্ষার ফলাফলে গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।
- ৪। লাইব্রেরী ব্যবস্থাপনা গতিশীল করতে হবে, পৃথক পাঠকক্ষ প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সজ্জিত করতে হবে এবং বইয়ের সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে।
- ৫। শিক্ষকদের পাঠদানের প্রস্তুতি আরো শাণিত হতে হবে।
- ৬। সহপাঠক্রমিক কার্যাবলি জোরদার করতে হবে।
- ৭। এস বি এ ও পিবিএম এর কার্যাবলী জোরদার করতে হবে।
- ৮। শ্রেণি শাখাসমূহে শিক্ষার্থী সংখ্যা নিয়মানুযায়ী বিন্যস্ত করাতে হবে।
- ৯। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করাতে হবে।
- ১০। বিদ্যালয় অঙ্গনে ফলজ, বনজ এবং ওষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষন করতে হবে।।
- ১১। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে একে যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ১২। কম্পিউটারি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর স্ব স্ব হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১৩। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১৪। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ১৫। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটির ন্যূনতম তিন কপি করে সংগ্রহ করতে হবে।
- ১৬। Libary Management সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।

প্রধান শিক্ষক,
ও সদস্য- সচিব, ম্যানেজিং কমিটি
খুলনা টেক্সটাইল মিলস্ হাই স্কুল
ডাকঃ জি, পি, ও -৯০০, জেলা : খুলনা।

(প্রফেসর আব্দুস ছালাম বিশ্বাস)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৪
মোবা- ০১৭৩৩-২২২০০৫
তারিখঃ ২৩/১০/১৪

স্মারক নং- বিঅ-৬/৩৫৫৩/ ৪৩৭৭

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। উপ- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর